



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
বগুড়া।
e-mail: ee_bog@eedmoe.gov.bd

৩য় তাগিদপত্র



স্মারক নং: নিঃপ্রঃ/ইইডি/বগ/২০২৪/ ০২৩

তারিখ:- ৩০/০১/২০২৪ খ্রিঃ।


বিষয়: ছাগলধরা উচ্চ বিদ্যালয়, সারিয়াকান্দি, বগুড়া এর বিদ্যমান একাডেমিক ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণ কাজের performance Security এর মেয়াদ বৃদ্ধি ও কাজের অগ্রগতি প্রসঙ্গে।

- সূত্র: ১। কার্যাদেশের স্মারক নং- ৫০০(১৩)/নিঃপ্রঃ/ইইডি/বগ/২০২১ তারিখ:- ০৯/০৫/২০২১ খ্রিঃ।
২। স্মারক নং: নিঃপ্রঃ/ইইডি/বগ/২০২৩/১১৩০ তারিখ:- ২৬/১১/২০২৩ খ্রিঃ।
৩। স্মারক নং: এ.ই-৩/ইইডি/বগ/২০২৪/২৪৯ তারিখ:- ২৪/০১/২০২৪ খ্রিঃ।
৪। নিঃপ্রঃ/ইইডি/বগ/২০২৪/১৬৩ তারিখ:- ২৫/০১/২০২৪ খ্রিঃ।
Tender No: 542444

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোড নং-১২৫০৩০১-১০৯৯৭২-৪১১১২০১ পরিচালন বাজেটের আওতায় অনাবাসিক ভবন নির্মাণ/সম্প্রসারণ শীর্ষক কর্মসূচীভুক্ত ছাগলধরা উচ্চ বিদ্যালয়, সারিয়াকান্দি, বগুড়া এর বিদ্যমান একাডেমিক ভবনের উর্ধ্বমুখী সম্প্রসারণ কাজের জন্য মেসার্স জ্যাপ এন্টারপ্রাইজ, নাটাইপাড়া, বগুড়া সদর, বগুড়াকে গত ০৯/০৫/২০২১ খ্রি. তারিখে ১২ মাস সময়সীমা নির্ধারণপূর্বক কার্যাদেশ প্রদান করা হয়। কার্যাদেশে ১২ মাস অর্থাৎ ৩৬৫ দিন সময়সীমা থাকলেও দীর্ঘ ৯৯১ দিন অতিক্রান্ত হওয়ার পরও অদ্যাবধি কাজটি শেষ হয়নি। কাজটির বর্তমান অগ্রগতি ৯০%। উপরোক্ত ২,৩ ও ৪ নং স্মারক মোতাবেক নির্মাণাধীন কাজটি দ্রুত সমাপ্ত না করার কারণ দর্শানোর জন্য বলা হলেও কোন জবাব প্রদান করা হয়নি এবং কাজটির বিপরীতে দাখিলকৃত Performance Security এর মেয়াদ বৃদ্ধির জন্য বলা হলেও ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক কোনো পদক্ষেপ গ্রহণ করা হয়নি। যা নিযুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের চরম অবহেলা ও অক্ষমতা প্রকাশ করেছে। এহেন পরিস্থিতিতে কাজটি শেষ না হওয়ায় নিম্নস্বাক্ষরকারীসহ উর্ধ্বতন কর্তৃপক্ষকে বিভিন্ন জবাবদিহিতার সম্মুখীন হতে হচ্ছে। উল্লেখ্য যে, কাজটির Performance Security হিসাবে দাখিলকৃত Pay Order টির মেয়াদ গত ০৪/০৫/২০২৩ খ্রি. তারিখে সমাপ্ত হয়।

এমতাবস্থায় উল্লিখিত কাজটি সম্পন্ন না হওয়া পর্যন্ত অত্র দপ্তরের পরবর্তী কোন দরপত্রে অংশগ্রহণ হতে বিরত থাকার জন্য বলা হলো।

বিষয়টি অতীব জরুরী।


30.01.24
(নোঃ আরিফুজ্জামান)
নির্বাহী প্রকৌশলী
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
বগুড়া।

প্রাপক: মেসার্স জ্যাপ এন্টারপ্রাইজ
নাটাইপাড়া, বগুড়া সদর,
বগুড়া।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো :

- ০১। প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ২য় ব্লক, ঢাকা।
০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল, রাজশাহী।
০৩। অফিস কপি।